| উন্নয়নের অক্সিজেন রাজস্ব | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার<br>জাতীয় রাজস্ব বোর্ড<br>রাজস্ব ভবন<br>সেগুনবাগিচা, ঢাকা।<br>www.nbr.gov.bd | জনকল্যাণে রাজস্ব |
|---|---|---|

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ৩ অক্টোবর ২০১৬ খ্রিঃ।

**উচ্চতর আদালত-হাইকোর্ট বিভাগের বিচারাধীন আয়কর, শুল্ক ও মূসক বিষয়ক মামলা ব্যবস্থাপনা শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিতঃ রাজস্ব মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নেওয়া হচ্ছে বহুমাত্রিক পদক্ষেপ**

জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর, শুল্ক ও মূসক অনুবিভাগের প্রায় ২৪,০০০ (চব্বিশ হাজার) মামলা চলমান রয়েছে। এ সকল মামলায় সরকারের ৩১,০০০ (একত্রিশ হাজার) কোটি টাকার আর্থিক সংশ্লেষ সম্বলিত রাজস্ব জড়িত রয়েছে। সরকারি আর্থিক স্বার্থ সংশ্লিষ্ট এই বিপুল সংখ্যক মামলা পরিচালনার সুষ্ঠু ব্যবস্থাপনার ক্ষেত্রে বর্তমান পদ্ধতিতে দ্রুত মনিটরিং এবং নিষ্পত্তি করা সম্ভব হয় না। যার ফলে দিন দিন মামলার সংখ্যা বৃদ্ধির পাশাপাশি অনাদায়ী রাজস্বের পরিমাণ বাড়ছে। মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির মাধ্যমে প্রাপ্ত অর্থ আদায় করা গেলে তা নির্ধারিত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের অধীন আয়কর, শুল্ক ও মূসক বিভাগের বিচারাধীন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির নিমিত্তে লিগ্যাল সল্যুউশন গ্রুপ গঠন, হাইকোর্ট মামলা তদারকি করার জন্য প্রত্যেক কর অঞ্চলের পরিদর্শী রেঞ্জ-২, কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ, Digital Suit Management System বিষয়ক Software চালু, আইনের সঠিক প্রয়োগ করার জন্য রিটেইনার নিয়োগ, বিজ্ঞ অ্যার্টনি জেনারেলের অফিসের সাথে নিয়মিত যোগাযোগ, মতবিনিময় সভা আয়োজন এর মধ্যে অন্যতম। রাজস্ব মামলার ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধির জন্য জাতীয় রাজস্ব বোর্ডের অভিজ্ঞ কর্মকর্তা এবং বিজ্ঞ অ্যার্টনি জেনারেলে অফিসের কর্মকর্তাদের মধ্যে অভিজ্ঞতা তথা মতবিনিময় বিশেষভাবে তাৎপর্যপূর্ণ। প্রেক্ষিতে উচ্চতর আদালত-হাইকোর্ট বিভাগের বিচারাধীন আয়কর, শুল্ক ও মূসক বিষয়ক মামলা ব্যবস্থাপনা'-শীর্ষক মতবিনিময় সভা অদ্য সকাল ৯.০০ ঘটিকায় বিসিএস কর একাডেমিতে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান জনাব মো. নজিবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় মাননীয় অ্যার্টনি জেনারেল অব বাংলাদেশ জনাব মাহবুবে আলম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় জাতীয় রাজস্ব বোর্ডের সদস্যবর্গ, অ্যার্টনি জেনারেল অফিসের কর্মকর্তাগণ, হাইকোর্টের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ, ঢাকাস্থ সকল কর অঞ্চলের কর কমিশনারবৃন্দসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর বিভাগের মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কর্মকর্তা এবং অ্যাটর্নি অফিসের কর্মকর্তাগণ দিনব্যাপী মতবিনিময় সভায় অনিষ্পন্ন মামলাসমূহের দ্রুত নিষ্পত্তি, সম্ভাবনা ও সুপারিশ বিষয়ে কতিপয় গুরুত্বপূর্ণ ফলাফল ভিত্তিক মতামত প্রদানের ফলে সভাটি অত্যন্ত গঠনমূলক, ফলপ্রসূ এবং স্বর্তঃফূর্ত হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর বিভাগ ও বিজ্ঞ অ্যার্টনি জেনারেল এর কার্যালয়ের সাথে সমন্বয় করার জন্য অনেক গুরুত্বপূর্ণ মতামত, সুপারিশমালা মতবিনিময় সভায় উঠে আসে।

**বিজ্ঞ অ্যার্টনি জেনারেল অফিসের নিকট আয়কর বিভাগের রাজস্ব সংশ্লিষ্ট মামলা নিষ্পত্তির বিষয়ে নিম্নরুপ কয়েকটি প্রস্তাব তুলে ধরা হয়ঃ**

- মামলার মোশন পর্যায়ে রাজস্ব বিভাগের প্রতিনিধির বক্তব্য প্রদানের সুযোগ প্রদান। অনেক ক্ষেত্রেই পিটিশনারগণ তর্কিত বিষয় এড়িয়ে ভিন্ন বিষয়ের অবতারণা করে সরকারি পাওনা/দাবিনামার বিপরীতে স্থগিতাদেশ লাভের প্রচেষ্টা নেন;
- রাজস্ব মামলার নিষ্পত্তির লক্ষ্যে মাননীয় সুপ্রীমকোর্টের ডেডিকেটেড বেঞ্চ এর সংখ্যা বৃদ্ধি করা;
- সম প্রকৃতির মামলার তালিকা তৈরি এবং একই সাথে একটি রায় এর মাধ্যমে সম প্রকৃতির অধিক সংখ্যায় মামলা নিষ্পত্তি করা;
- অধিক পরিমান রাজস্ব সংশ্লেষ রয়েছে (এক কোটি টাকার উর্ধ্বে) এরূপ মামলার তালিকা প্রস্তুত করে কজলিষ্টে অন্তর্ভুক্তির কার্যক্রম গ্রহণ এবং বিজ্ঞ অ্যার্টনি জেনারেল অফিসের সাথে সমন্বয় সাধন করা ;
- জয় লাভের সম্ভাবনা অধিক এরুপ গুনাগুণ (মেরিট) সম্পন্ন মামলার তালিকা তৈরি এবং অগ্রাধিকার ভিত্তিতে উক্ত মামলা নিষ্পত্তি করা;
- যে সকল মামলার রায় সরকারের পক্ষে প্রচারিত হয় রায় যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে সে সকল রায়ের সার্টিফাইড কপি সহজেই উত্তোলন/ সংগ্রহের ব্যবস্থা করা;
- সরকার পক্ষে প্রচারিত মামলার রায়ের ক্ষেত্রে (Caviet) দাখিলের ব্যবস্থাকরণ যাতে উক্ত রায়ের বিপক্ষে আপীল দায়েরের ক্ষেত্রে সরকার পক্ষ অবহিত থাকে;
- হাইকোর্ট প্রাঙ্গনে রাজস্ব বিভাগের আইন ও সমন্বয় কর্মকর্তাগণের জন্য যোগাযোগ ও লজিষ্টিকস সুবিধাসহ কক্ষ বরাদ্দকরণ;
- রিট পিটিশন মামলার মোশন চলাকালে বাদীর আর্জির কপি বিবাদীগণ যথাঃ কর অঞ্চল/কাস্টম হাউস/মূসক কমিশনারেটে প্রাপ্তির ব্যবস্থাকরণ, যাতে প্রাথমিক অবস্থায় মামলা প্রতিদ্বন্দ্বিতা সম্ভব হয়;
- বিজ্ঞ অ্যার্টনি জেনারেল অফিসের আইন কর্মকর্তাগণের সাথে রাজস্ব প্রশাসনের কর্মকর্তাগণের নিয়মিত যোগাযোগ ও কাজের সমন্বয় সাধন;
- রিট মামলার রুলের অন্তর্বতীকালীন আদেশ বাস্তবায়ন/প্রতিদ্বন্দ্বিতার জন্য রাজস্ব বিভাগ যাতে পর্যাপ্ত সময় পায় সে বিষয়ে বিজ্ঞ অ্যার্টনি জেনারেল অফিস হতে মাননীয় আদালত/বেঞ্চ এর দৃষ্টি আর্কষণ;
- রাজস্ব গুরুত্বপূর্ণ এবং নীতিগত বিষয়ে জড়িত আছে এরূপ মামলার আশু নিষ্পত্তির লক্ষ্যে বিজ্ঞ অ্যার্টনি জেনারেল অফিস কর্তৃক মেনসনড স্লিপ (Mentioned Slip) প্রেরণ;
- মাননীয় সুপ্রীমকোর্ট ওয়েবসাইটে আদালতের অন্তর্বতী আদেশ/রায়সমূহ সহজ প্রাপ্তির লক্ষ্যে আপলোডকরণ; এবং

- মাননীয় সুপ্রীমকোর্টের হাইকোর্ট ও আপীলাত বিভাগে মামলা নিষ্পত্তির প্রক্রিয়া ও ধাপের বিষয়ে রাজস্ব প্রশাসনের কর্মকর্তাদের প্রশিক্ষণ ও ধারণা প্রদান।

**বিজ্ঞ অ্যার্টনি জেনারেল এর অফিসের পক্ষ হতে কতিপয় গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণ ও সুপারিশমালা রাজস্ব বোর্ডের কাছে উপস্থাপন করা হয়, যা নিম্নরুপঃ**

- জাতীয় রাজস্ব বোর্ড এর সাথে উচ্চতর আদালতের ও সংশ্লিষ্টদের সময়োপযোগী যোগাযোগ এবং সমন্বয়ের কার্যকর পদক্ষেপ গ্রহণ;
- জটবদ্ধ রাজস্ব আদায় ও মামলা নিষ্পত্তির হার বাড়ানো, অধিক রাজস্ব জড়িত রীট মামলাগুলো কজলিষ্ট ভুক্ত করা;
- লীভ টু আপীল এর জন্য একাধিক সংখ্যক এডভোকেট অন রেকর্ড (AOR) নিয়োগ ও নির্দিষ্টকরণ;
- রাজস্ব মামলার ডেডিকেটেড বেঞ্চ বাড়ানো এবং একক বেঞ্চ স্থাপন;
- যে সকল মামলার রায় সরকারের পক্ষে প্রচারিত হয় সে সকল রায়ের সার্টিফাইড কপি রায় যথাসময়ে বাস্তবায়নের লক্ষে সহজেই উত্তোলন/সংগ্রহের ব্যবস্থার লক্ষে নিয়মিত সংশ্লিষ্ট DAG/AAG সাথে যোগাযোগ করা;
- Suppressed মামলার সিদ্ধান্ত/রায় সংগ্রহ বিষয়ক তালিকা প্রস্তুতকরণ; (কর অঞ্চল ভিত্তিক)
- Stay Order গুলো দ্রুত প্রাপ্তির কার্যকর ব্যবস্থা গ্রহণ;
- জাতীয় রাজস্ব বোর্ডের একটি কার্যালয় সুপ্রীম কোর্টে স্থাপন;
- রাজস্ব বিভাগের কর্মকর্তাদের জন্য স্ব স্ব ট্রেনিং একাডেমিতে হাইকোর্টের মামলা পরিচালনা সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা;
- রাজস্ব বোর্ডের মামলা পরিচালনাকারী ডিএজি/এএজিদের কে রাজস্ব বোর্ডের ট্রেনিং একাডেমিতে আয়কর, শুল্ক ও মূসক আইন/বিধি/এসআরও ইত্যাদির মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা;
- সম প্রকৃতির মামলার এনালগাস মামলার তালিকা তৈরি এবং একটি রায় এর মাধ্যমে সম প্রকৃতির অধিক সংখ্যায় মামলা নিষ্পত্তি করা;
- মোশন মামলার ক্ষেত্রে রাজস্ব বিভাগের প্রতিনিধির বক্তব্য প্রদানের সুযোগ প্রদান;
- নীতিগত বিষয় জড়িত আছে এমন মামলার নিষ্পত্তির ক্ষেত্রে মেনশনড স্লিপ (Mentioned Slip) প্রেরণ;

প্রধান অতিথির দিক-নির্দেশনামূলক বক্তব্যে মাননীয় অ্যার্টনি জেনারেল জনাব মাহবুবে আলম বলেন, রাজস্ব মামলা নিষ্পত্তির জন্য জাতীয় রাজস্ব বোর্ড ইতোমধ্যে অনেক গুরুত্বপূর্ণ উদ্যোগ গ্রহণ করেছেন। বর্তমান রাজস্ব প্রশাসন রাষ্ট্রের রাজস্ব ভান্ডারকে সমৃদ্ধ করতে অত্যন্ত ইতিবাচক ভূমিকা পালন করছে। এ ধরণের ব্যতিক্রমধর্মী বিশেষ মতবিনিময় সভা আয়োজনের জন্য আমি জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি। উচ্চতর আদালতে বিচারাধীন মামলা নিষ্পত্তির ক্ষেত্রে সকল পক্ষকেই ইতিবাচক মনোভাব ও সমাধানমূলক দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসতে হবে। আমার দপ্তর সব সময় এসব ক্ষেত্রে সহযোগিতা করে আসছে এবং ভবিষ্যতেও এ সহযোগিতা অব্যাহত থাকবে। তিনি আরো বলেন, এ ধরণের মত বিনিময়ের মাধ্যমে সমগোত্রীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ক্ষেত্রে রাজস্ব সংগ্রহের গতি ত্বরান্বিত হওয়ার পাশাপাশি মামলার সংখ্যা কমে যাবে এবং ভবিষ্যতে মামলা দায়েরের দূর্বলতাসমূহ দূরিভূত হবে।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান তাঁর বক্তব্যে বলেন, রাজস্ব উন্নয়নের অক্সিজেন। রাজস্ব সংশ্লিষ্ট মামলাসমূহ নিষ্পত্তিতে বিজ্ঞ অ্যাটর্নি জেনারেলের অফিসের কর্মকর্তাদের ভূমিকা অনস্বীকার্য। মতবিনিময়ের প্রেক্ষিতে উভয় পক্ষের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের ফলে সরকার পক্ষে রায় আসার সম্ভাবনা বৃদ্ধি পাবে। মামলা নিষ্পত্তি বৃদ্ধি পাবে পাশাপাশি রাজস্ব বৃদ্ধি পাবে। অক্টোবর মাসের মধ্যে আয়কর আইনজীবীদের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। আশা করছি এ সকল উদ্যোগের ফলে রাজস্ব সংশ্লিষ্ট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির পাশাপাশি রাজস্ব সংগ্রহ বৃদ্ধি পাবে, মামলা জট কমবে, সরকারের পক্ষে রায় আসার সম্ভাবনা বৃদ্ধি পাবে এবং ভবিষ্যতে রাজস্ব সংগ্রহ বৃদ্ধিতে এ ধরণের উদ্ভাবনীমূলক প্রচেষ্টা অব্যাহত থাকবে।

বর্ণিত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

(সৈয়দ এ, মু'মেন)
সিনিয়র তথ্য অফিসার

**প্রাপকঃ**
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।